দৈনিক ইত্তেফাক

তারিখ ২২/১০/২০০০
পৃষ্ঠা ৭৭ কলাম ৫

42

## মাদারীপুর সংবাদ

# একজন প্রভাষক দিয়া চলিতেছে সরকারী কলেজের একটি বিভাগ

মাদরীপুর সংবাদদাতা ॥ সরকারী নাজিম উদ্দিন কলেজের পদার্থ বিদ্যা বিভাগটি বর্তমানে মাত্র একজন প্রভাষককে দিয়া চলিতেছে। পদার্থ বিদ্যা বিভাগে বরাদ্দকৃত পদের সংখ্যা ৪টি। তন্মধ্যে প্রভাষকের একটি মাত্র পদে শিক্ষক রহিয়াছেন। পদার্থ বিদ্যা বিভাগে বর্তমানে সহযোগী অধ্যাপকের একটি, সহকারী অধ্যাপকের একটি এবং প্রভাষকের একটি পদ শূন্য রহিয়াছে। শিক্ষকের অভাবে পদার্থ বিদ্যা বিভাগের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

সম্পন্ন করিতে বিলম্ব ঘটিয়া আসিতেছে বলিয়া প্রকাশ।

### উপ-স্বাস্থ্য কেন্দ্রে এমও নাই

শিবচর উপজেলার বন্দরখোলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে বর্তমানে কোন মেডিকেল অফিসার নাই। শিবচরের দুর্গম এলাকা বন্দর খোলায় চিকিৎসক না থাকায় এলাকাবাসী (চরাঞ্চলের) সুচিকিৎসা হইতে বঞ্চিত হইতেছে। শূন্য পদে এমও নিয়োগের জন্য এলাকাবাসী আবেদন জানাইয়াছেন।